



সেনাপ্রধান জেনারেল মইন উ আহমেদ গতকাল মিরপুর সেনানিবাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেকনোলজির আনুষ্ঠানিক উদ্বোধন করেন
—আইএসপিআর

উদ্বোধন করলেন সেনাপ্রধান মানুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করল দেশে সবীনতম বিশ্ববিদ্যালয় বিইউপি

থম আলো ডেস্ক

মানুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস বিইউপি। সেনাপ্রধান জেনারেল মইন উ আহমেদ গতকাল বৃহস্পতিবার ঢাকার মিরপুর সেনানিবাসে এ বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করেন। টি দেশের ২৯তম স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়। বর বাসস ও ইউএনবিবির।

বিইউপির উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান বলেন, 'দীর্ঘদিন ধরেই শশত্রু বাহিনীর উচ্চশিক্ষা প্রদানের যোগসংবলিত একটি আলাদা বিশ্ববিদ্যালয় গঠনের কথা ভাবা হচ্ছিল। বিইউপি চালুর মাধ্যমে দীর্ঘদিনের সেই কাঙ্ক্ষিত স্বপ্ন বাস্তবে পূর্ণ পেল।' তিনি বলেন, সশস্ত্র বাহিনীর সদস্যদের আরও বেশি জ্ঞানসমৃদ্ধ করতে নতুন ধারার সূচনা করবে বিইউপি।

এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মেজর জেনারেল ড. আবদুল ওয়াদুদ সেনাপ্রধান মইন উ আহমেদকে মিরপুর সেনানিবাসে স্বাগত জানান।

বিইউপি চালু হওয়াকে উৎকর্ষের কেন্দ্রবিন্দু মনে করে মইন উ আহমেদ বলেন, সশস্ত্র বাহিনীর সব শিক্ষাপ্রতিষ্ঠানকে একটি ছাতর তলে নিয়ে আসার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। সেনাপ্রধান বিইউপির যাত্রাকে দেশের কৃষিক্ষেত্রে একটি পথপ্রদর্শক হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায়

'অগ্নির আলো' হয়ে উঠবে এ বিশ্ববিদ্যালয়।

উপাচার্য মেজর জেনারেল ড. ড. ওয়াদুদও অনুষ্ঠানে বক্তব্য দেন। অনুষ্ঠানে বিমানবাহিনীর প্রধান, এএফটির প্রিন্সিপাল স্টাফ অফিসার, ইউজিসির চেয়ারম্যান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিশু সামরিক ও বেসামরিক প্রশাসনের উচ্চ কর্মকর্তা এবং বিভিন্ন দেশের সাংবাদিকেরা উপস্থিত ছিলেন।

চলতি বছরের ৫ ছুন নয়টি অনুষ্ঠানে একাডেমিক ইনস্টিটিউট নিয়ে বিইউপি শুরু করে। এগুলো হচ্ছে ন্যাশনাল টেকনিক্যাল কলেজ (এনটিসি), ডিফেন্স পলিটেকনিক্যাল স্টাফ কলেজ (ডিএসটিএসসি), মির্জা ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (এএফএমসি), আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজি (এএফআইআই), বাংলাদেশ মির্জা একাডেমি (বিএমএ), বাংলাদেশ একাডেমি (বিএনএ) ও বাংলাদেশ এয়ার একাডেমি (বিএএফএ)।

বিইউপিতে প্রাথমিকভাবে প্রবেশিকা, মেডিসিন ও সাধারণ শিক্ষা বিভাগের বিষয়ে স্নাতক এবং মিলিটারি স্টাডিজ, স্টাডিজ, মেডিসিন ও এমফিলের বিভিন্ন ৫২৫টি বিষয়ে স্নাতকোত্তর কোর্স পাড়ানো